

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

মহামান্য আদালতের নির্দেশনা মোতাবেক সরকার সম্প্রতি সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কেবলমাত্র প্যানেলভুক্ত শিক্ষক নিয়োগ কার্যক্রম সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: প্রাশিঅ/নিয়োগ/০৮/রেজি:বেসর:/২০০৯/১০১৪, তারিখ ২১ এপ্রিল ২০১০ এর নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ০৯ এপ্রিল ২০১২ তারিখে প্রকাশিত উপজেলা ভিত্তিক মেধাক্রম অনুসারেই সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কেবল শূন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। এক্ষেত্রে কোনো তদবির করে বা অর্থের বিনিময়ে বা অন্য কোনো উপায়ে প্রকাশিত মেধাক্রম পরিবর্তনপূর্বক নিয়োগ পাওয়ার সামান্যতম সুযোগ নেই। উক্ত মেধাক্রম তালিকা হতেই সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগ সম্পন্ন করা হবে। এপ্রেক্ষিতে সকলকে জানানো যাচ্ছে যে, কোনো ধরনের লেনদেন করে প্রতারণা হবেন না। এজাতীয় লেনদেন করলে এর তথ্য আইন শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষকে অবহিত করার পাশাপাশি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ad.recruitdpe@yahoo.com -এ ঠিকানায় জানিয়ে দিন। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর